



কৃষিই সমৃদ্ধি  
বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল  
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং : ১২.২০.০০০০.০২০.০৫.০০১.২১.১২৬৮

তারিখঃ ০৮ জুন ২০২২

বিষয় : ২০২১-২২ অর্থবছরে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা'র ২.৪ অনুযায়ী অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী।

তারিখ : ০৪ জুন ২০২২

সময় : বেলা ১২:০০ টা

স্থান : অডিটোরিয়াম, প্রশিক্ষণ ভবন, বিএআরসি

সভাপতি : ড. মোঃ আজিজ জিলানী চৌধুরী, সদস্য-পরিচালক (শস্য), বিএআরসি

উপস্থিতি : পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার ফোকাল পয়েন্ট কাউন্সিলের পরিচালক (সাপোর্ট সার্ভিস) জনাব মোঃ আব্দুল মোতাকিন এর পক্ষে কাউন্সিলের উপ-পরিচালক (সংস্থাপন) জনাব মোঃ মাহবুবুল হাসান ২০২১-২২ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনার অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন,

কার্যক্রমের ক্ষেত্র	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	বাস্তবায়ন অগ্রগতি
প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা	[১.১] অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ	[১.১.১] অনিক ও আপিল কর্মকর্তার তথ্য হালনাগাদকৃত এবং ওয়েবসাইটে আপলোডকৃত	প্রতি প্রান্তিকে হালনাগাদকরণ পত্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে
পরিবীক্ষণ ও সক্ষমতা উন্নয়ন	[২.১] নির্দিষ্ট সময়ে অনলাইন/ অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি এবং নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ	[২.১.১] অভিযোগ নিষ্পত্তিকৃত	প্রতি মাসে নিষ্পত্তি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে এবং ওয়েবসাইটে আপলোড করা হয়েছে
	[২.২] কর্মকর্তা/কর্মচারীদের অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ আয়োজন	[২.২.১] প্রশিক্ষণ আয়োজিত	৪ (চার) প্রান্তিকে যথাক্রমে ১৯.০৯.২০২১ ২৭.১২.২০২১, ১৪.০২.২০২২ এবং ৩০.০৫.২০২২ তারিখে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে

*Amr*

কার্যক্রমের ক্ষেত্র	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	বাস্তবায়ন অগ্রগতি
	[২.৩] ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ এবং ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ	[২.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত	প্রতি প্রান্তিকে পরিবীক্ষণ কমিটি কর্তৃক পরিবীক্ষণ প্রতিবেদন নির্বাহী চেয়ারম্যান মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে
	[২.৪] অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা	[২.৪.১] সভা অনুষ্ঠিত	২য় প্রান্তিকে একটি অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে অদ্য দ্বিতীয় সভা অনুষ্ঠিত হচ্ছে।

সিদ্ধান্তসমূহ :

- ১। অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এ উল্লিখিত কার্যক্রম তথা মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ, প্রশিক্ষণ প্রদান ও ওয়েবসাইট হালনাগাদকরণসহ যাবতীয় কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে।
- ২। অফলাইনে কিংবা জিআরএস সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে প্রাপ্ত অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে সমাধান বা জবাব প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ড. মোঃ আজিজ জিলানী চৌধুরী)  
সদস্য-পরিচালক (শস্য)

ফোনঃ ৫৮১৫৫০০৬

ই-মেইল- md.crops@barc.gov.bd